

মান্না পরবর্তী ছবির শূটিং করবেন বিদেশে

বিনোদন রিপোর্ট : নায়ক মান্না প্রযোজিত ৫ নম্বর ছবির নাম এখনো চূড়ান্ত না হলেও শূটিং পর্ব বিদেশে করার সিদ্ধান্ত নিয়েছেন। মান্না প্রযোজিত নতুন এই ছবিটি পরিচালনা করবেন মনতাজুর রহমান আকবর। ছবিতে নায়ক চরিত্রে মান্না নিজে অভিনয় করবেন, এটা নিশ্চিত। তবে নায়িকা চরিত্রে কে কে থাকবেন সেটা এখনো নিশ্চিত করে বলছেন না মান্না। তিনি চান ছবির গল্প ঠিক করার পর নায়িকার সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে তারপর সবাইকে জানানো হবে। মান্না বিদেশের কোথায় ছবির শূটিং করবেন সেটা এখনো নিশ্চিত হয়নি। মান্না প্রযোজিত চতুর্থ ছবি স্বামী স্ত্রীর যুদ্ধ মুক্তি পাবে ৫ এপ্রিল। এই ছবির মুক্তি নিয়ে তিনি এখন ব্যস্ত রয়েছেন।

মিজু আহমেদ সবচেয়ে ব্যস্ত ভিলেন

বিনোদন রিপোর্ট : এই সময়ে চলচ্চিত্রে সবচেয়ে ব্যস্ততম ভিলেন মিজু আহমেদ। নির্মাণাধীন বেশীর ভাগ ছবিতে ভিলেন চরিত্রে দেখা যায় তাকে। এ প্রসঙ্গে মিজু আহমেদ বলেন, কারো জায়গা দখল করার বিষয় নয়, আমি নিজেই ভিলেনদের শীর্ষ আসন দখল করে নিয়েছি। মিজু আহমেদ অভিনয়ের ব্যস্ততার মধ্যেও শিল্পী সমিতির সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। অভিনয়ে ব্যস্ততা বেড়ে যাওয়ার কারণে মে মাসে অনুষ্ঠিতব্য শিল্পী সমিতির নির্বাচনে অংশ নেবেন কিনা সে বিষয়ে তিনি এখনো সিদ্ধান্ত নিতে পারেননি।

লালনগীতির ফরিদা পারভিন আধুনিক সংগীতে

বিনোদন রিপোর্ট : লালনগীতির খ্যাতিনামা সংগীতশিল্পী ফরিদা পারভিন দীর্ঘ কয়েক বছর পর আধুনিক সংগীত নিয়ে কাজ করছেন। সম্প্রতি নির্মিত একটি সিডিতে ধারণ করা হয় তার আধুনিক ধারার কিছু গান। এ প্রসঙ্গে ফরিদা পারভিন এ প্রতিবেদককে জানান, এই সিডিতে তিনি মৌলিক, আধুনিক, আধুনিক কীর্তন এবং ষাট দশকের আমেজপূর্ণ একাধিক গান গেয়েছেন। শিল্পীর বিশ্বাস এসব গান শ্রোতাদের ভিন্ন আনন্দ দেবে। উল্লেখ্য, আশির দশকের মধ্যবর্তীতে ফরিদা পারভিন জাতীয় বেতার ও টিভি মাধ্যমে কিছু আধুনিক গান গেয়েছিলেন। মাঝে লালনগীতি তার কণ্ঠে আশাতীত জনপ্রিয়তা অর্জন করায় এই ধারাতেই নিজেকে নিয়মিত করেন। বলা যায়, এক দশকেরও বেশী সময় অতিক্রম করে ফরিদা পারভিন আধুনিক সংগীতে আবার সম্পৃক্ত হলেন। তার এই সিডিটি কিছু দিনের মধ্যেই বাজারে ছাড়া হবে।

স্বামীকে মাইক্রোবাস কেনার কথা বলেছেন সামিনা

বিনোদন রিপোর্ট : বিশিষ্ট কণ্ঠশিল্পী সামিনা চৌধুরীর প্রিয় বাহন মাইক্রোবাস। তিনি তার স্বামী এবং অনুষ্ঠান নির্মাতা ইজাজ খান স্বপনকে যত দ্রুত সম্ভব পছন্দের এই গাড়ীটি কেনার কথা বলেছেন। এদিকে স্বপন জানিয়েছেন, মাইক্রোবাস কেনার প্রয়োজনীয় টাকা ইতোমধ্যেই জমা করেছেন। কয়েকদিনের মধ্যেই মাইক্রোবাসটি কিনে তিনি স্ত্রীকে উপহার দেয়ার প্রস্তুতি নিচ্ছেন।

চট্টগ্রাম এবং ঢাকায় শিপুরাজের জাদু প্রদর্শনী

বিনোদন রিপোর্ট : বাংলাদেশ জাদু উন্নয়ন পরিষদের ১৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ২১ ও ২২ মার্চ চট্টগ্রাম শিল্পকলা একাডেমীতে জাদু প্রদর্শন করবেন জাদুশিল্পী শিপুরাজ। এছাড়া মহান স্বাধীনতা দিবস উপলক্ষে খিলগাঁও তিলপাপাড়ার এক অনুষ্ঠানে ২৬ মার্চ অনুষ্ঠিত হবে শিপুরাজের আরেকটি জাদু প্রদর্শনী। উল্লেখ্য, এ সময়ের তরুণ

প্রতিভাবান জাদুশিল্পীদের মধ্যে শিপুরাজ অন্যতম একজন ।